গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা-১।
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.১৬.১৯০.১৯.১৫২৪

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

বিষয়ঃ আইন ও বিচার বিভাগ-এর আওতাধীন বিভিন্ন আদালত/ ট্রাইব্যুনাল/ দপ্তরের সরকারি গাড়ি (কার/মাইক্রোবাস) অননুমোদিত ব্যবহার পরিহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকারি যানবাহন সুষ্ঠুভাবে ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬ বিদ্যমান রয়েছে। উক্ত বিধিমালার ৩ হতে ৭ নম্বর বিধিতে গাড়ি ব্যবহারের নিয়মাবলী বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। ইদানিং পরিলক্ষিত হচ্ছে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কোনো কোনো সদস্য সরকারের পূর্বানুমতি ব্যতীত বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল/দপ্তর-এর সরকারি গাড়ি (কার/মাইক্রোবাস) সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬-এর বিধি ৫ এর ব্যত্যয় ঘটিয়ে কর্মস্থলের ২৫ মাইলের বাইরে ব্যবহার করছেন। সরকারি গাড়ির এরূপ অননুমোদিত ব্যবহার উপর্যুক্ত বিধিমালার পরিপন্থি হওয়ায় 'সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) আইন, ২০১৫'-এর ধারা ৩(৩)-অনুযায়ী অসদাচরণ হিসেবে গণ্য হবে। ভবিষ্যতে এ-ধরণের সুনির্দিষ্ট কোনো অভিযোগ পাওয়া গেলে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগ-এর আওতাধীন বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল/দপ্তর-এর সরকারি গাড়ি (কার/মাইক্রোবাস) এর অননুমোদিত ব্যবহার পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৭/১১/২০২১

(মোঃ শামসুদ্দীন মাসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪০০০৯ (অ)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। জেলা জজ................................
২। মহানগর দায়রা জজ.............................................
৩। বিভাগীয় বিশেষ জজ..................................
৪। বিশেষ জজ....................................
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল................................
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.................................
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল................................
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত.................................
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল.......................................
১০। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল................................
১১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল...................................
১২। বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল................................
১৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.................................
১৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৬। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

জ্ঞাতার্থে বিতরণঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।